# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
সিরাজগঞ্জ।

স্মারক নং- সি.জে.এম./সিরাজ/নিয়োগ/৩-৫/সাঃ পঃ নং-৩০০/২০২১

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

সিরাজগঞ্জ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-এর নিম্নবর্ণিত শূন্য পদে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা ও সার্কুলার অনুসরণপূর্বক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাইতেছেঃ-

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড | জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী (স্কেল) | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | লাইব্রেরী সহকারী (ক্যাটালগার) | ০১ টি | ১৩ | টাকা ১১০০০-২৬৫৯০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা প্রাপ্ত হইতে হইবে। কম্পিউটার পারদর্শী ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ২। | তুলনা সহকারী | ০১ টি | ১৪ | টাকা ১০২০০-২৪৬৮০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার পারদর্শী ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৩। | সহকারী রেকর্ড কীপার (অফিস সহকারী) | ০১ টি | ১৬ | টাকা ৯৩০০-২২৪৯০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটার পারদর্শী ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৪। | পরিচ্ছন্নতা কর্মী (ফরাশ) | ০১ টি | ২০ | টাকা ৮২৫০-২০০১০ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫। | নিরাপত্তা প্রহরী (নৈশ প্রহরী) | ০৩টি | ২০ | টাকা ৮২৫০-২০০১০ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬। | অফিস সহায়ক (এমএলএসএস) | ০৪টি | ২০ | টাকা ৮২৫০-২০০১০ | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭। | মালী | ০১টি | ২০ | টাকা ৮২৫০-২০০১০ | অষ্টম শ্রেণী পাস। |

**শর্তাবলী ঃ**

০১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে http://www.mopa.gov.bd/uploads/2015/archive/forms/admin1-2015-01.PDF চাহিত তথ্যাদি যথা- পদের নাম, বিজ্ঞপ্তি নম্বর, তারিখ, প্রার্থীর নাম-বাংলায়, ইংরেজিতে (বড় অক্ষরে), জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর (যে কোন একটি), জন্ম তারিখ (দিন-মাস-বৎসর), জন্মস্থান (জেলা), বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স (বছর-মাস-দিন), মাতার নাম, পিতার নাম,স্বামীর নাম, ঠিকানা- বর্তমান ও স্থায়ী (বাসা ও সড়ক- নাম/নম্বর, গ্রাম/পাড়া/মহল্লা, ইউনিয়ন/ওয়ার্ড, ডাকঘর, পোস্টকোড নম্বর, উপজেলা, জেলা), যোগাযোগ (মোবাইল/টেলিফোন নম্বর/ই-মেইল যদি থাকে), জাতীয়তা, জেন্ডার, ধর্ম, পেশা, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, বিষয়, শিক্ষা প্রতিষ্ঠান, পাসের সন, বোর্ড/ বিশ্ববিদ্যালয়, গ্রেড/শ্রেণী/বিভাগ), অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে), অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে), কোটা (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, এতিম/শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, অন্যান্য), বিভাগীয় প্রার্থী কিনা (হ্যাঁ/না/প্রযোজ্য নয়) উল্লেখ পূর্বক "আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরেবর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করিব। কোন তথ্য অসত্য প্রমাণিত হইলে আইনানুগ শাস্তি ভোগ করিতে বাধ্য থাকিব" এই লিখিত হলফ নামাযুক্ত তারিখ ও প্রার্থীর স্বাক্ষরসহ নির্ধারিত আবেদন ফরম "চেয়ারম্যান", বাছাই কমিটি এবং অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিরাজগঞ্জ বরাবর আবেদন করিতে হইবে। আবেদন ফরম ও প্রবেশপত্র sirajganj.judiciary.org.bd ওয়েব সাইট হইতে ডাউনলোডপূর্বক পূরণ করিয়া প্রেরণ করিতে হইবে।

০২। আবেদনপত্র আগামী ৩০/১২/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে (বিকাল ০৫:০০ টা) ডাকযোগে অথবা সরাসরি চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, সিরাজগঞ্জ নেজারত শাখায় পৌছাইতে হইবে। উক্ত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না। পরীক্ষার ফি বাবদ হিসাব কোড নং ১-২১০৮-০০০০-২০৩১- এ ক্রমিক নং ০১ হইতে ০৩ নং পদের জন্য জমাকৃত ১০০/-(একশত) টাকা (অফেরতযোগ্য) এবং ক্রমিক নং ০৪ হইতে ০৭ নং পদের জন্য জমাকৃত ৫০/-(পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারি চালানের মূল কপি (আবেদন ফরমে চালান নম্বর ও তারিখ, ব্যাংক ও শাখার নাম উল্লেখসহ); ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য হইবে না। প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানা সংবলিত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাক টিকিটযুক্ত একটি ফেরত খাম ৯.৫×৪.৫ ইঞ্চি সাইজের দিতে হইবে।

০৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ০৪ ভাদ্র, ১৪২৮/ ১৯ আগস্ট, ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী প্রার্থীর বয়সসীমা ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ হইতে সর্বোচ্চ ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে বীর মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিল যোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। বিভাগীয় ও চাকরিরত প্রার্থীকে বয়স থাকা সাপেক্ষে অনুমতিপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করিতে হইবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হইবে না।

০৫। আবেদনপত্র বাছাইয়ের পর যোগ্য প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাইবেন। প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হইবে না। লিখিত পরীক্ষার বাইরেও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা/কম্পিউটার সংক্রান্ত টেস্ট অনুষ্ঠিত হইবে। নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হইবে।

০৬। ক্রমিক ৪ হইতে ৭ নং পদের জন্য ড্রাইভিং, ইলেক্ট্রিক্যাল কাজ এবং অন্য কোন বিশেষ কাজে পারদর্শীতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।

০৭। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় তথ্য যাচাইয়ের জন্য প্রার্থীকে অবশ্যই নিম্নোক্ত প্রমাণকসহ সকল সনদপত্রের মূলকপি এবং ০১ সেট ফটোকপি সাথে আনিতে হইবেঃ-

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা ও প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণের সনদপত্র এবং অভিজ্ঞতার সনদ ও অন্যান্য সনদের সত্যায়িত অনুলিপি।
(খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মূল চারিত্রিক সনদপত্র।
(গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ এর চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/কমিশনার কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
(ঘ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত গ্রহণযোগ্য সনদের সত্যায়িত অনুলিপি।
(ঙ) শারীরিক প্রতিবন্ধী ও এতিমপ্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় এর উপ-পরিচালক/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি।
(চ) ক্ষুদ্র- নৃ-গোষ্ঠীর প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি।
(ছ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি।

০৮। সকল ছবি ও সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহারপূর্বক সত্যায়ন করিতে হইবে।

০৯। প্রার্থী কর্তৃক দাখিলকৃত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যেকোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন /নির্বাচন/নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে বাংলাদেশের প্রচলিত আইনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১০। এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থিত পদে নিয়োগ প্রদান করিতে বাধ্য থাকিবে না।

১১। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল কোটা/সর্বশেষ নীতিমালা/পরিপত্রের নির্দেশনা/ বিধি-বিধান ও সার্কুলার অনুসরণ করা হইবে।

১২। খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে কোন সুপারিশ বা তদবির বা কোন প্রকার ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।

১৪। উপযুক্ত প্রার্থীদের লিখিত ও অন্যান্য পরীক্ষার তারিখ, স্থান ও সময় প্রবেশপত্রের মাধ্যমে জানিয়ে দেওয়া হইবে।

১৫। নিয়োগ সংক্রান্ত তথ্যাবলী sirajganj.judiciary.org.bd ওয়েব সাইটে প্রকাশ করা হইবে।

১৬। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হইবে না।

১৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলিয়া গণ্য হইবে।

১৮। প্রয়োজনে এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধন, বাতিল ও বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করিবার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

স্বাক্ষরিত/-
চেয়ারম্যান
"বাছাই কমিটি"
এবং
অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
সিরাজগঞ্জ।

স-২৮০৬ (১৫×৪)